গাংনী সীমান্তে রাস্তার কাজে বিএসএফের বাধা

মেহেরপুরের গাংনী সীমান্তে হেরিংবোন রাস্তার নির্মাণকাজে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) বিরুদ্ধে।

রোববার দুপুর ১২টার দিকে কাজীপুর সীমান্তের আন্তর্জাতিক সীমান্ত পিলার ৭ এস এলাকার আট কবর যাওয়ার সড়কে হেরিংবোন রাস্তার কাজ চলাকালে ভারতের নদীয়া জেলার গান্ধীনা বিএসএফ ক্যাম্পের তিন সদস্য এসে কাজে বাধা দেন বলে অভিযোগ করা হয়।

স্থানীয় ইউপি সদস্য মো. আজিজুল ইসলাম বলেন, কাজীপুর বিজিবি ক্যাম্প থেকে সীমান্তের আট কবর পর্যন্ত মাটির রাস্তা দিয়ে কৃষিপণ্য পরিবহন এবং সাধারণ মানুষের চলাচলে দীর্ঘদিন ধরে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। জেলা পরিষদের অর্থায়নে রাস্তাটি হেরিংবোন করা হচ্ছে। কিন্তু কাজ চলাকালে বিএসএফের কয়েকজন সদস্য এসে বাধা প্রদান করেন।

কাজীপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আলম হুসাইন বলেন, সীমান্তবর্তী এলাকা হওয়ায় যতবার এই রাস্তা হেরিংবোন করার উদ্যোগ নেওয়া হয়েছে, ততবারই বিএসএফ বাধা দিয়েছে।

তিনি আরও বলেন, স্বাধীনতা দিবস ও বিজয় দিবস উপলক্ষে প্রশাসনের পক্ষ থেকে আট কবরে শ্রদ্ধা নিবেদন করা হয়। তাই ওই সড়কটি উন্নয়ন করা অত্যন্ত জরুরি।

এ বিষয়ে কাজীপুর কোম্পানি কমান্ডার সুবেদার মিজানুর রহমান বলেন, বিএসএফের বাধা দেওয়ার বিষয়টি তার জানা নেই।

অন্যদিকে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রাশেদ কামাল রনি (এসইউপি, পিএসসি, জি) বলেন, সীমান্তের ১৫০ গজের মধ্যে কোনো স্থাপনা নির্মাণ করতে হলে উভয় দেশের প্রতিনিধিদের আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত নিতে হয়।

তিনি জানান, হেরিংবোন রাস্তা নির্মাণের বিষয়টি সমাধানের লক্ষ্যে বিজিবির পক্ষ থেকে বিএসএফকে পতাকা বৈঠকের আহ্বান জানানোর

কার্যক্রম চলছে। তবে রাস্তা নির্মাণকাজে বিএসএফ বাধা দিয়েছে এ অভিযোগ সঠিক নয় বলে তিনি মন্তব্য করেন।

গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজে এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান

গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের ২০২৬ সালের এইচএসসি (বিএমটি) পরীক্ষার্থীদের বিদায়, নতুন একাডেমিক ভবনের উদ্বোধন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রোববার দুপুরে কলেজ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে কলেজ গভর্নিং বডির সভাপতি ও গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেনের সভাপতিত্বে এবং গণিত বিভাগের প্রভাষক জেসমিন আজাদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাভেদ মাসুদ মিল্টন। প্রধান বক্তা ছিলেন কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন পৌর কমিশনার আলমগীর হোসেন, ১ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আরিফুজ্জামান, বিশিষ্ট ব্যবসায়ী আব্দুস ছালাম এবং ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক রবিউল ইসলাম।

এছাড়া অনুষ্ঠানে কলেজের সহকারী অধ্যাপক শরিফুল ইসলাম, কামরুজ্জামান, ফিদা হাসান, আব্দুল কুদ্দুস, ওয়াহেদ বিন হোসেন মিন্টুসহ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী, ১ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল মান্নান, সাবেক সাধারণ সম্পাদক শামসুজ্জামান, বিএনপি নেতা আব্দুল গনি, ব্যবস্থাপনা কমিটির সদস্য, অভিভাবক ও এইচএসসি ২০২৬ ব্যাচের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি জাভেদ মাসুদ মিল্টন ও গভর্নিং বডির সভাপতি আনোয়ার হোসেন কলেজে পৌঁছালে অধ্যক্ষ আবুল কালাম

আজাদ স্বপনসহ শিক্ষকরা ফুলেল শুভেচ্ছায় তাদের বরণ করে নেন।

অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন তার বক্তব্যে বলেন, বিগত সময়ে কলেজটি বিভিন্ন উন্নয়ন থেকে বঞ্চিত হয়েছে। তিনি কলেজের অবকাঠামোগত উন্নয়ন ও বিভিন্ন সমস্যার সমাধানে প্রধান অতিথি ও গভর্নিং বডির সভাপতির সহযোগিতা কামনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে জাভেদ মাসুদ মিল্টন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, “তোমরাই দেশের আগামী দিনের ভবিষ্যৎ। যোগ্য নাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে পারলে তোমরাই দেশের নেতৃত্ব দেবে। কঠোর পরিশ্রম ও নিয়মিত পড়াশোনার মাধ্যমে সফলতা অর্জন সম্ভব।”

তিনি শিক্ষার্থীদের সামাজিক অবক্ষয় থেকে দূরে থেকে সুশিক্ষায় শিক্ষিত হওয়ার আহ্বান জানান। পাশাপাশি কলেজের উন্নয়নে কম্পিউটার ল্যাব, সীমানা প্রাচীরসহ প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণে উদ্যোগ নেওয়ার আশ্বাস দেন।

তিনি আরও বলেন, আসন্ন এইচএসসি (বিএমটি) পরীক্ষায় শিক্ষার্থীদের নকলমুক্ত ও সুষ্ঠু পরিবেশে পরীক্ষায় অংশ নেওয়া উচিত।
অনুষ্ঠানে কলেজের পক্ষ থেকে পরীক্ষার্থীদের ফাইল, কলম ও স্কেল উপহার দেওয়া হয়।

পরে প্রধান অতিথি জাভেদ মাসুদ মিল্টন নতুন একতলা একাডেমিক ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠান শেষে পরীক্ষার্থীদের সফলতা কামনা করে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। মোনাজাত পরিচালনা করেন আলমগীর হোসেন।

গাংনী সীমান্তে আবারো তিনজনকে পুশইনের চেষ্টা

মেহেরপুরের গাংনী সীমান্তে আবারো তিনজনকে পুশইনের চেষ্টা করেছে বিএসএফ।
আজ শুক্রবার ভোরে উপজেলার কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলা

সীমান্তে সীমান্ত দিয়ে বিএসএফ তিনজনকে পুশইনের চেষ্টা করলে বিজিবি ও স্থানীয়দের মুখে বিএসএফ তাদের ফেরত নেয়।
ধলা বিজিবি ক্যাম্পের কমান্ডার হাবিলদার শিশির কুমার সরকার বলেন, ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার করিমপুর থানার বুড়িপোতা বিএসএফ ক্যাম্পের সদস্যরা গেট খুলে তিনজনকে পুশইনের চেষ্টা করে। বিজিবি ও গ্রামবাসীর সতর্ক অবস্থানের কারণে তারা বাংলাদেশের প্রবেশ করতে পারেনি। পরে বিজিবি এবং বিএসএফের মধ্যে আলোচনার পর ওই তিনজনকে ফেরত নেয় বিএসএফ।
উল্লেখ্য: চলতি মাসে মেহেরপুর জেলার বিভিন্ন সীমান্ত দিয়ে বিএসএফ তিন দফায় ২০ জনকে পুশইনের চেষ্টা করে।
বিজিবি ও গ্রামবাসীর প্রতিরোধের মুখে পুশইনের চেষ্টা ব্যর্থ হয়।

গাংনীতে রাতের আধারে চাষির পুকুরে বিষ প্রয়োগ; ২০ লক্ষাধিক টাকার মাছ ধ্বংস

রাতের আধারে চাষির পুকুরে বিষ প্রয়োগ;মারা গেলো ২০ লক্ষাধিক টাকার মাছ। মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের একটি মাছ চাষের পুকুরের ২০ লক্ষাধিক টাকার মাছ মারা গেছে। পুর্বশত্রুতার জের ধরে অজ্ঞাত কেউ বিষ ঢেলে মাছ নিধন করেছে বলে অভিযোগ মাছ চাষী কামরুজ্জামানের।

আজ বৃহস্পতিবার ভোরে মাছ মরে ভেসে উঠলে বিষয়টি তার নজরে আসে।

স্থানীয় সুত্রে জানা গেছে, কামরুজ্জামান ৩ বিঘা পুকুরে মাছ চাষ করেছেন। দুই বছর ধরে পাঙ্গাস জাতীয় মাছ চাষ করছেন । একেকটি মাছ ৭-১২ কেজি পর্যন্ত ওজন হয়েছে। কয়েকদিন পরেই মাছ বিক্রি করতেন তিনি।

অথচ আজ সকালে স্থানীয়রা পুকুরে মাছ মরে ভেসে উঠতে দেখেন। পুকুর মালিক লোকজন নিয়ে মাছ তুলে বিক্রির চেষ্টা করেছেন। তবে বিষে আক্রান্ত নেই বেশিরভাগ মাছে পচন ধরেছে। এতে তার ২০ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান মাছ চাষী কামরুজক্জামান।

দ্রুততম সময়ে বিষয়টির তদন্ত করে দোষীদের বিরুদ্ধ ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

গাংনী থানার ওসি পরিদর্শক (তদন্ত) আল মামুন জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বিষয়টি খতিয়ে দেখে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের পক্রিয়া চলছে।

গাংনী সীমান্তে ৭ জনকে পুশইনের চেষ্টা; বাধা বিজিবি ও স্থানীয়দের

মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা সীমান্ত এলাকা দিয়ে ৭ জনকে বাংলাদেশে পুশইনের চেষ্টা চালিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

তবে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর কঠোর অবস্থান এবং স্থানীয়দের বাধার মুখে পুশইনের সেই চেষ্টা এখন পর্যন্ত ব্যর্থ হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৫ জুন) ভোরে বাংলাদেশ-ভারত সীমান্তের শূন্যরেখার ১৪২/৫-এস সাব-পিলারের কাছে শূন্যরেখার ওপারে সাতজনকে দেখতে পান স্থানীয়রা। এ সময় তাদের বাংলাদেশে প্রবেশ করানোর চেষ্টা করা হলে বিজিবি কঠোর অবস্থান গ্রহণ করে। ফলে পুশইনের চেষ্টা ব্যর্থ হয় এবং ওই ব্যক্তিরা বাংলাদেশ সীমান্ত এলাকা থেকে সরে যায়।

স্থানীয়দের দাবি, পুশইনের চেষ্টা করা সাতজনের মধ্যে একজন নারী ও ছয়জন পুরুষ রয়েছেন। তবে তাদের পরিচয়, জাতীয়তা কিংবা কী কারণে তাদের সীমান্তে আনা হয়েছিল, সে বিষয়ে এখনো কোনো তথ্য পাওয়া যায়নি।

স্থানীয় বাসিন্দা রোকনুজ্জামান বলেন, “গতকাল মধ্যরাতে কোনো একসময় ওই সাতজনকে ভারতের কাঁটাতার পার করে দেওয়া হয়। তখন তারা

সীমান্ত এলাকায় ঘোরাঘুরি করতে থাকলে আমরা তাদের দেখতে পেয়ে বিষয়টি বিজিবিকে জানাই এবং তাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে ভারত থেকে বাংলাদেশে প্রবেশে বাধা প্রদান করি।”

পুশইনের আশঙ্কায় সীমান্ত এলাকায় বর্তমানে বিজিবি সীমান্তে জনবল বাড়ানোর পাশাপাশি নজরদারিও অনেক বাড়িয়েছে।

বিজিবি-৬ ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজমুল হাসান জানান, “আজ বৃহস্পতিবার (২৫ জুন) ভোরে বিএসএফ সাতজনকে বাংলাদেশে পুশইনের চেষ্টা করেছিল। কিন্তু বিজিবির কঠোর অবস্থানের কারণে তারা বাংলাদেশে প্রবেশ করতে পারেনি।”

তিনি আরও বলেন, “সীমান্তে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। স্থানীয় জনগণের সহযোগিতায় নজরদারি জোরদার করা হয়েছে। পুশইন প্রতিরোধে বিজিবি বদ্ধপরিকর।”

সীমান্তে পুশইনের অভিযোগ নিয়ে স্থানীয়দের মধ্যে উদ্বেগ দেখা দিলেও বিজিবির কঠোর অবস্থানের কারণে পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। সীমান্ত এলাকায় অতিরিক্ত সতর্কতা অব্যাহত রয়েছে।

মেহেরপুরে ডিবির অভিযানে গাঁজা গাছসহ আটক ১

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা মাঠ এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সাড়ে সাত ফুট (৯১ ইঞ্চি) লম্বা এবং প্রায় ৪ কেজি ওজনের একটি গাঁজা গাছ উদ্ধার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। এ ঘটনায় এক ব্যক্তিকে আটক করা হয়েছে।

বুধবার বিকেল ৩টার দিকে উপজেলার ধলা মাঠ এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। আটক ব্যক্তি হলেন ধলা গ্রামের সাব্দুদ মণ্ডল। তিনি একই গ্রামের জমিরউদ্দীন মণ্ডলের ছেলে।

ডিবি পুলিশ সূত্রে জানা গেছে, জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি

প্রদীপ কুমার সানার নেতৃত্বে উপ-পরিদর্শক (এসআই) আলী রাজ এবং ডিবির একটি দল অভিযান পরিচালনা করে। অভিযানে সহযোগিতা করেন ধলা ক্যাম্পের পুলিশ সদস্যরা। এ সময় প্রায় সাড়ে সাত ফুট (৯১ ইঞ্চি) লম্বা ও আনুমানিক ৪ কেজি ওজনের একটি গাঁজা গাছ উদ্ধার করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি প্রদীপ কুমার সানা বলেন, “মাদক নির্মূলে জেলা গোয়েন্দা পুলিশের অভিযান নিয়মিতভাবে চলমান রয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজা গাছটি উদ্ধার করা হয়েছে। মাদকসংশ্লিষ্ট যেকোনো অপরাধের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে।”

তিনি আরও বলেন, “এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে। ডিবির উপ-পরিদর্শক (এসআই) আলী রাজ বাদী হয়ে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন। ডিবি কার্যালয়ে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে এবং গাংনী থানায় মামলা দায়েরের প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আটক ব্যক্তিকে গাংনী থানা পুলিশের মাধ্যমে আদালতে পাঠানো হবে।”

গাংনীতে ওয়াস ব্লকের কাজে নিম্নমানের সামগ্রী ব্যবহার, ধসে পড়ছে ছাদ

পিইডিপি-৪ এর আওতায় মেহেরপুরের গাংনীর পাকুড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের নির্মাণকাজে নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে।

নিম্নমানের ইট, বালু ও সিমেন্ট ব্যবহারের ফলে ইতোমধ্যে ওয়াস ব্লকের ছাদের কিছু অংশ ধসে পড়েছে। এতে এলাকাবাসীর মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হবে বলে জানিয়েছেন মেহেরপুরের গাংনী উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তারা।

গাংনী হাসপাতালের পরিত্যক্ত ভবনে ঝুঁকিতে রোগী ও স্বজনরা

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একটি পরিত্যক্ত ভবনে চরম ঝুঁকির মধ্যে চলছে রোগীদের চিকিৎসাসেবা। প্রায় ১৫ বছর আগে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা হলেও নামমাত্র সংস্কার করে পুনরায় রোগীদের সেখানে রাখা হয়েছে। বর্তমানে ভবনটির জরাজীর্ণ অবস্থা রোগী ও তাদের স্বজনদের জন্য মরণফাঁদে পরিণত হয়েছে।

সরেজমিনে দেখা যায়, ভবনটির বিভিন্ন দেয়ালে বড় বড় ফাটল দেখা দিয়েছে। ছাদের পলেস্তারা প্রতিনিয়ত খসে পড়ছে। এমন ঝুঁকিপূর্ণ পরিবেশেই বাধ্য হয়ে চিকিৎসা নিচ্ছেন রোগীরা। বর্ষাকালে ছাদ চুইয়ে পানি পড়ে মেঝে কর্দমাক্ত হয়ে যায়, যা একটি স্বাস্থ্যসম্মত পরিবেশের সম্পূর্ণ পরিপন্থী।

হাসপাতালে ভর্তি রোগী আব্দুল গফুর বলেন, “আমরা এখানে সুস্থ হতে এসেছি। কিন্তু এখানে কোনো নিরাপত্তা নেই। যদি মাথার ওপর ছাদ ভেঙে পড়ে, তাহলে আমাদের যাওয়ার কোনো জায়গা নেই। চিকিৎসা নিতে এসে এখন উল্টো মৃত্যুভয়ে আছি।”

আরেক রোগী সাদেক আলী বলেন, “ছাদ থেকে প্রতিনিয়ত পলেস্তারা খসে পড়ছে। যেকোনো সময় বড় ধরনের অংশ ধসে পড়ার আশঙ্কায় আমরা রাতে ঠিকমতো ঘুমাতেও পারি না।”

ভবনটির করুণ অবস্থার কথা তুলে ধরে রোগী থামেনা খাতুন বলেন, “বিল্ডিংয়ের দেয়ালের ফাটল ও খসে পড়া পলেস্তারা দেখে আমাদের আতঙ্ক আরও বেড়ে যাচ্ছে। এখানে সুস্থ হওয়ার চেয়ে বড় দুর্ঘটনার ভয়ই বেশি কাজ করছে।”

এ বিষয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. একরামুল হক বলেন, “আমি দায়িত্ব নেওয়ার পরই ভবনটির জরাজীর্ণ অবস্থা পর্যবেক্ষণ করেছি। এটি প্রায় ১৫ বছর আগেই পরিত্যক্ত ঘোষণা করা হয়েছিল, যা অত্যন্ত উদ্বেগজনক। নিজস্ব ব্যবস্থাপনায় খসে পড়া পলেস্তারাগুলো সাময়িকভাবে সংস্কারের চেষ্টা করেছি

মাত্র।”

তিনি আরও বলেন, “সারা দেশে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলো ১০০ শয্যায় উন্নীতকরণের কাজ চলমান রয়েছে। এর আগ পর্যন্ত রোগীদের অন্য কোনো নিরাপদ স্থানে স্থানান্তর করা অত্যন্ত জরুরি। বিষয়টি আমি স্থানীয় সংসদ সদস্যের সঙ্গে আলোচনা করেছি।

তিনিও বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখার আশ্বাস দিয়েছেন। এছাড়া দ্রুত স্থায়ী সমাধানের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের কাছেও লিখিতভাবে অনুরোধ জানানো হবে।”

স্থানীয় সচেতন মহল ও ভুক্তভোগীদের দাবি, কোনো বড় ধরনের দুর্ঘটনা ঘটার আগেই যেন রোগীদের এই ঝুঁকিপূর্ণ ভবন থেকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। দায়সারা সংস্কারের পরিবর্তে একটি স্থায়ী ও নিরাপদ চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করতে তারা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন।

গাংনীতে সরকারী রাজস্ব পরিশোধ না করায় টু স্টার ব্রিকসের দুটি গাড়ি জব্দ

মেহেরপুর কাস্টমসের অভিযানে সরকারী রাজস্ব পরিশোধ না করায় টু স্টার ব্রিকস এর দুটি গাড়ি জব্দ করা হয়েছে । মঙ্গলবার সকালে গাংনী থানাধীন ভাটপাড়া মোড় থেকে গাড়ি দু’টি জব্দ করা হয়।

মেহেরপুর কাস্টমস, এক্সসাইজ ও ভ্যাট বিভাগের রাজস্ব কর্মকর্তা তারিকুল ইসলামের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। তিনি বলেন, ২০২৫-২৬ অর্থ বৎসরের সরকারি রাজস্ব পরিশোধ না করায় টু স্টার ব্রিকস এর ইট বোঝায় দুটি পাওয়ার টিলার ট্রলি জব্দ করা হয়।

পরে বারাদী পুলিশ ক্যাম্প হেফাজতে রাখা হয়েছে। এবং পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। এসময় উপস্থিত ছিলেন সহকারী রাজস্ব কর্মকর্তা শফিকুল ইসলাম, অফিস সহায়ক পারভেজ আলমসহ

অনান্যরা।

জামায়াত-আওয়ামী লীগের সঙ্গে গাঁটছড়া বেঁধে সরকারকে অস্থিতিশীল করতে চায়

মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেছেন, জাতীয়তাবাদী ও সমমনা ইসলামী দলের নেতাকর্মীরা দীর্ঘদিন নিষ্পেষিত হয়েছেন।

জুলাই আন্দোলনে হাজার হাজার দামাল সন্তান প্রাণ হারিয়েছেন এবং অনেকে পঙ্গুত্ব বরণ করেছেন।

তারপরও দেখা যাচ্ছে, স্বৈরাচার শেখ হাসিনা ও তার দোসররা রাজনৈতিকভাবে মাথাচাড়া দেওয়ার চেষ্টা করছে।

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নৈরাজ্য সৃষ্টির পাঁয়তারার প্রতিবাদে মঙ্গলবার সকাল ৭টায় গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুর নেতৃত্বে হাসপাতাল বাজার থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়।

মিছিলটি গাংনী বাজার বাসস্ট্যান্ড ঘুরে একই স্থানে এসে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়।

সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য দিতে গিয়ে আসাদুজ্জামান বাবলু বলেন, “বাংলাদেশের ভবিষ্যৎ নেতৃত্ব নিয়ে তারেক রহমান যখন মালয়েশিয়ায় দেশের সমস্যা ও উন্নয়ন নিয়ে কথা বলছেন, তখন একটি নিষিদ্ধ দল ও কুচক্রী মহল ষড়যন্ত্র করে বাংলাদেশকে অস্থিতিশীল করার চেষ্টা করছে।”

মেহেরপুর জেলা বিএনপির কিছু নেতাকে ইঙ্গিত করে তিনি বলেন, “আজ তারা কোথায়, যারা জামায়াত ও আওয়ামী লীগের সঙ্গে ঘর করে রাজনীতি করে? তারা দাঁড়িপাল্লায় ভোট দিয়ে আবার বিএনপি সাজার চেষ্টা করে।

ওইসব ভণ্ড বিএনপিকে আমি ধিক্কার জানাই।”

তিনি আরও বলেন, “একটি ধর্মভিত্তিক দল বলেছিল, দাঁড়িপাল্লায় ভোট দিলে বেহেশত পাওয়া যাবে। সেই দলের নেতাকর্মীরাও কম নির্যাতনের শিকার হয়নি।

কিন্তু তারাও আওয়ামী লীগের সঙ্গে গাঁটছড়া বেঁধে বাংলাদেশ সরকারকে অস্থিতিশীল করতে চায়। জুলাই আন্দোলনের স্পিরিট থেকে যে দল বিচ্যুত হবে এবং স্বৈরাচার ও ফ্যাসিবাদের দোসর হবে, তাদের বিরুদ্ধে আমাদের সংগ্রাম অব্যাহত থাকবে।”

প্রতিবেশী রাষ্ট্র ভারতে মুসলমানদের ওপর নির্যাতনের অভিযোগের প্রসঙ্গ তুলে তিনি বলেন, “ভারতে মুসলমানদের ওপর যে ন্যক্কারজনক নির্যাতন চালানো হচ্ছে, তার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাই। দলমত নির্বিশেষে আমরা সম্প্রীতির বাংলাদেশ গড়ে তুলতে চাই।”

বিএসএফের পুশইন প্রসঙ্গে তিনি বলেন, “ভারত থেকে পুশইনের যে চেষ্টা চলছে, তা দেশপ্রেমিক বিজিবি ও সীমান্ত এলাকার জনগণ প্রতিরোধ করে চলেছে। এ জন্য বিজিবি এবং সীমান্তবাসীকে ধন্যবাদ জানাই।”

তিনি আরও বলেন, “তারেক রহমান যে পরিকল্পনা ও রূপরেখা দিয়েছেন, তা সঠিকভাবে বাস্তবায়ন করা গেলে বাংলাদেশ একটি উন্নত ও শক্তিশালী অর্থনৈতিক রাষ্ট্র হিসেবে গড়ে উঠবে।”

বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক কাউন্সিলর আব্দুল্লাহিল মারুফ পলাশ, বিএনপি নেতা শাহজাহান সেলিম, সাংগঠনিক সম্পাদক ইমন হোসেন, বিএনপি নেতা গোলাম মোস্তফা ডাকু, জিহাদ আলী, এনামুল হক, পৌর বিএনপি নেতা আব্দুল গনি, নুর ইসলাম, বিএনপি নেতা আবুল কালাম, ফজলুল হক, আবু বক্কর, জাসাস নেতা আমিরুল ইসলামসহ বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

সংক্ষিপ্ত সভা পরিচালনা করেন জাসাস নেতা সুলেরি আলভী।